

## ভূমিকম্পে নিরাপদ থাকতে করণীয়

- ভূমিকম্প অনুভূত হলে আতংকিত বা দিশেহারা হবেন না। আপনি যদি ভবনের নিচ তলায় থাকেন, তাহলে দ্রুত বাইরে খোলা জায়গায় বেরিয়ে আসুন।
  - যদি ভবনের উপর তলায় থাকেন, তাহলে কক্ষের নিরাপদ স্থান যেমন শক্ত খাট বা টেবিলের নিচে, বীম বা কলামের পার্শ্বে অথবা রুমের কর্ণারে আশ্রয় নিন। বসে পড়ুন এবং বালিশ, কুশন, হেলমেট বা নিজের দু'হাত মাথায় উপরে দিয়ে মাথা সুরক্ষিত করুন।
  - ভূমিকম্পের প্রথম ঝাঁকুনির পর পুনরায় ঝাঁকুনি হতে পারে। সুতরাং একবার বাইরে বেরিয়ে এলে নিরাপদ অবস্থা ফিরে না আসা পর্যন্ত ভবনে পুনরায় প্রবেশ করবেন না।
  - আপনি যদি কোন বিধ্বস্ত ভবনে আটকা পড়েন এবং আপনার ডাক উদ্ধারকারীগণ শুনতে না পায় তাহলে শক্ত কোন কিছু দিয়ে দেয়ালে বা ফ্লোরে জোরে জোরে আঘাত করে উদ্ধারকারীদের মনোযোগ আকর্ষণ করার চেষ্টা করুন।
- 
- ভূমিকম্পকালীন আশ্রয়স্থলে শুনকো খাবার, পানি, ব্যাটারি চালিত টর্চ, বাঁশি ও প্রদর্শনের জন্য লাল কাপড় ইত্যাদি সংরক্ষণ করুন।
  - মনে রাখবেন, ভূমিকম্প নিজে মানুষকে আঘাত করে না। মানুষের তৈরি ঘরবাড়ি বা দুর্বল স্থাপনা, অবকাঠামো ভেঙে পড়ে মানুষ হতাহত হয়।
  - বিল্ডিং কোড অনুসরণ করে ভবন নির্মাণ করুন, ভূমিকম্পের ঝুঁকি হ্রাস করুন।
  - ভূমিকম্পের আগাম পূর্বাভাস দেওয়ার কোন যন্ত্র এখনও আবিষ্কৃত হয়নি। সুতরাং সচেতনতা এবং পূর্ব প্রস্তুতিই ভূমিকম্প মোকাবেলার সর্বোত্তম উপায়।